# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ ঃ ০৩ ডিসেম্বর, ২০১৪
সময় ঃ সকাল ১১-০০ টা
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।
সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি দৃঢ়ীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ অক্টোবর, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ অক্টোবর, ২০১৪ মাসে গৃহকর বাবদ ৯৩,৭২,৬৭১.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ৫৪,০৯,২৫৩.০০ টাকা আদায় হয়েছে। অক্টোবর ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায় ১,৪৭,৮১,৯২৪.০০ টাকা যা মোট দাবীর ১৭.২৫%। আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়ার জন্য রাজস্ব শাখাকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ঃ অক্টোবর, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, অক্টোবর ২০১৪ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,২৫,৮৪,১৩৭.০০টাকা আয় হয়েছে। সাধারণ অনুদান, অগ্রিম ফেরত, আর্মি চুক্তি বাবদ প্রাপ্ত অর্থ ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৯,৫৫,৫১,৫৫৪.৭৬ টাকা। সেপ্টেম্বর ২০১৪ মাসে সর্বমোট ব্যয় ৬,৮৯,৩৩,৮৫২.০০ টাকা।

আলোচ্যসূচী-৪ঃ অক্টোবর-নভেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ অক্টোবর-নভেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। আগামী মাস থেকে কঞ্জারভেন্সী শাখার মাধ্যমে ডিওএইচএস ও অন্যান্য আবাসিক এলাকার খাতওয়ারী স্বাস্থ্য প্রতিবেদন উপস্থাপন করার জন্য স্টেশন হেলথ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট#৬৭/বি, রোড#৬/এ, ফ্ল্যাট#বি/১(২য় তলা-দক্ষিন পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব আবুল খায়ের মোঃ তারিকুল ইসলাম (মেজর (অবঃ) মোঃ আনোয়ার হোসেন গং এর নিযুক্তীয় আম-মোক্তার) ৮/১৯, স্যার সৈয়দ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। তাং- ০১/১২/২০১৩ | (১) ডাঃ মোঃ তৌহিদুর রহমান (২) লেঃ কর্নেল ডাঃ খালেদা আখতার প্লট#৬৭/বি, রোড #৬/এ, ফ্ল্যাট#বি/১(২য় তলা-দক্ষিন পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | তাং ০৬/১১/২০১৪ নং-২৩.০১.৯০১.৮০০.০৩.০২৯.১০.০৮.১১.১৪/১ | ফ্ল্যাটের আয়তন- ২ ১২৬ বঃ ফুঃ (নিচ তলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলেচনান্তে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#২০২ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভলোপার লিঃ, বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | হাজী মোঃ শহীদ উল্লাহ পিতা- মরহুম মোঃ আব্দুল গণি প্লট#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#২০২ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তাং- ২৭/১০/২০১৪ | তাং- ১২/৯/২০১৩ নং- ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১২.০৯.১৩ | ২৫/৩/২০১৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-১৬/সি/ফ্ল্যাট নং-২০২/১৬ | ফ্ল্যাটের আয়তন- ১৫০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | প্লট#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#৪০১ (৪র্থ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভলোপার লিঃ, বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস আয়শা মোমিন স্বামী- জনাব এম এন হুদা মোঃ নুরুল হুদা) প্লট#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#২০২ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তাং- ২৭/১০/২০১৪ | তাং- ২৩/৯/২০১৩ নং- ২৩.০৫.৫০১. ৩০০.১০.০২৯ .০২.২৩.০৯.১৩ | ২৫/৩/২০১৪ তারিখের ঢাকাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ১৬/সি/ফ্ল্যাট নং-৪০১/১৪ | ফ্ল্যাটের আয়তন- ২০০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | প্লট#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#৪০২ ও ৪০৩ (৪র্থ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লুসিড ডেভলোপারর্স লিঃ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব এম এন হুদা (মোঃ নুরুল হুদা), (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ নুরুল হুদা পিতা- মরহুম নাদেরের জামান, মাতা- রাবেয়া বেগম, প্লট#১৬/সি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২৭/১০/২০১৪ | তাং- ২৩/৯/২০১৩ নং- ২৩.০৫.৫০১. ৩০০.১০.০২৯ .০১.২৩.০৯.১৩ | ২৫/৩/২০১৪ তারিখের ঢাকাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ১৬/সি/ফ্ল্যাট নং-৪০২ ও ৪০৩/১৫ | ফ্ল্যাটের আয়তন- ১৫০০ × ২ = ৩০০০ বঃ ফুঃ (নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- × ২ = ১৮,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের অনুকূলে ক্যান্টনমেন্ট বোর্ডের পাওনাদি পরিশোধ সাপেক্ষে নামজারী/নামান্তর করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ সেনাপল্লী হাই স্কুল ও আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর ক্যান্টিন এর ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে যথাক্রমে জনাব মোঃ জিয়াউল আমিন এর ১৭/১০/২০১৪ তারিখের এবং জনাব মোঃ খলিলুর রহমান এর ১৫/৯/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সেনাপল্লী হাই স্কুল এবং আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুলের ক্যান্টিন দু'টি আবেদনকারী যথাক্রমে জনাব মোঃ জিয়াউল আমিন এবং জনাব মোঃ খলিলুর রহমান এর অনুকূলে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে ০১(এক) বছরের জন্য মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়ায় ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে রাস্তা সম্প্রসারণের নিমিত্তে উচ্ছেদকৃত পার্ক-৫০/এ ও পার্ক-৫০/বি নং দোকান পুনর্বাসনের বিষয়ে সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীদের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রাস্তা সম্প্রসারণের প্রকল্প বাস্তবায়নের জন্য রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে পার্ক-৫০/এ ও পার্ক-৫০/বি নং দোকান ০২ টি ভেঙ্গে দেয়া হয়েছে। সংশ্লিষ্ট দোকান ০২ টির ইজারা গ্রহীতা সার্জেন্ট (অবঃ) মোঃ শফিকুল ইসলাম ও মোসাঃ ফাহিমা জসিম, স্বামী-মোঃ জসিম উদ্দিন ভাঙ্গা পড়া দোকান ০২ টির পরিবর্তে রজনীগন্ধা সুপার মার্কেটের যে কোন জায়গায় তাদেরকে পুনর্বাসন করার জন্য ২২ সেপ্টেম্বর ২০১৪ তারিখে পৃথক ০২টি আবেদনে অনুরোধ জানিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (খ) | ১× প্রতিনিধি<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (গ) | ১× প্রতিনিধি<br>অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (ঘ) | ১ × কর্মকর্তা, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (ঙ) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (চ) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি আগামী বোর্ডসভায় নিম্নবর্ণিত প্রতিবেদন দাখিল করবেন ঃ-

(১) রজনীগন্ধা সুপার মার্কেটের অব্যবহৃত জমি চিহ্নিতকরণ;
(২) রজনীগন্ধা সুপার মার্কেটে অননুমোদিত স্থাপনা/দোকান চিহ্নিতকরণ;
(৩) অব্যবহৃত স্থানগুলো বাণিজ্যিকভাবে ব্যবহারের সম্ভাব্যতা যাচাই ও প্রস্তাব;
(৪) ক্ষতিগ্রস্থ দোকান পুনর্বাসনের প্রস্তাব।

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানটির বৈধ মালিক হিসাবে ভোগ দখলের ব্যবস্থার জন্য আবেদন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৮/১১/২০১৪ তারিখের ৬১২/১/৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে আর্মি কোটায় বরাদ্দকৃত বি/২৯ নং দোকানের বরাদ্দ বাতিল করত: দোকানটি তালাবদ্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে এনে পুনঃইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর-১৬৯৬/২০১৪ মামলার গত ২৯/৪/২০১৪ ও ১৭/২/২০১৪ তারিখের আদেশ মোতাবেক দেশের সর্বত্র সকল সাইনবোর্ড, বিলবোর্ড, ব্যানার, গাড়ী নম্বর প্লেট, সকল সরকারী দপ্তরের নামফলক ও ইলেক্ট্রনিক এবং প্রিন্ট মিডিয়াতে ইংরেজি বিজ্ঞাপন ও মিশ্র ভাষার ব্যবহার বন্ধ করার নির্দেশনা বাস্তবায়ন প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৬/১১/২০১৪ তারিখের ৩৩/এমএলএন্ডসি/সিসি/৩২৭/শা-৩/১২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর-১৬৯৬/২০১৪ মামলার গত ২৯/৪/২০১৪ ও ১৭/২/২০১৪ তারিখের আদেশ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ঢাকা সেনানিবাসের সকল সংস্থাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৪র্থ তলার ২৬ নং দোকান এর অর্ধেক অংশ আত্মীয়ের নামে নামজারীর বিষয়ে মেজর জেনাঃ মোহাম্মদ রুহুল আমিন (অবঃ) এর ২২/৬/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৪র্থ তলার ২৬ নং দোকান মেজর জেনাঃ মোহাম্মদ রুহুল আমিন (অবঃ) এর সাথে তাঁর আত্মীয় আলহাজ্ব আহমদ ফারুক খোকন, পিতা- আলহাজ্ব মোঃ নুরুল ইসলাম এর নাম অন্তর্ভুক্তকরণপূর্বক যৌথভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং এলাকা মাসিক ভাড়ার ভিত্তিতে রাত ১০-০০টা থেকে সকাল ০৭-০০ টা পর্যন্ত বাস পার্কিং এর জন্য ভাড়া প্রদানের বিষয়ে জনাব মোঃ দেলোয়ার হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, টিএইচকে এন্টারপ্রাইজ (প্রাঃ) লিঃ এর ০৩/১১/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আবেদনটি বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস নং- ঢাকা মেট্রো-৫১-৫৬১০ মেরামতের নিমিত্তে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় বাবদ ৫৩,০০০/- (তেপ্পান্ন হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস নং- ঢাকা মেট্রো-৫১-৫৬১০ মেরামতের নিমিত্তে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় বাবদ ৫৩,০০০/- (তেপ্পান্ন হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনাঃ মাহমুদ হোসেন, এএফডব্লিউসি, পিএসসি | ৪১৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২। | ক্যাপ্টেন অসীম বরন চৌধুরী, পিএসসি, বিএন (অবঃ) | ৪৬৪ | মিরপুর ডিওএইচএস | | ০৬ তলার উপর ০৭ তলা |
| ৩। | (ক) বেগম ইয়াসমিন আলম<br>স্বামী- ব্রিগেঃ জেনাঃ মরহুম মোঃ মনিরুল আলম<br>(খ) মাহিন আলম<br>পিতা- ব্রিগেঃ জেনাঃ মরহুম মোঃ মনিরুল আলম<br>(গ) বাইসা আলম<br>পিতা- ব্রিগেঃ জেনাঃ মরহুম মোঃ মনিরুল আলম | ৫৬৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | নওরীন আনোয়ার<br>পিতা-ব্রিগেঃ জেনাঃ মোঃ আনোয়ার হোসেন | ৭৩১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবনের আভ্যন্তরীন পরিবর্তন |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ গাজী আবু বকর (অবঃ) | ৮৭৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৬। | (ক) ব্রিগেঃ জেনাঃ মির্জা এজাজুর রহমান (অবঃ)<br>(খ) লেঃ কর্ণেল মোঃ আতিকুর রহমান (অবঃ) | ৯৩৯<br>৯৪০ | মিরপুর ডিওএইচএস | | বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন |
| ৭। | জনাব মোঃ মজিবুর রহমান, নির্বাহী প্রকৌশলী | ১২৪২ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত নতুন ০৭ তলা ভবন |
| ৮। | মেজর জেনাঃ সাজ্জাদুল হক, এএফডব্লিউসি, পিএসসি | ১২৮৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯। | কর্ণেল মোঃ হাসান রেজা | ১৩৫৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১০। | হাসান মাহমুদ<br>পিতা- জনাব মনসাদ উল্লাহ | ৩১৬ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবনের আভ্যন্তরীন পরিবর্তন |
| ১১। | (ক) শেখ সাবিদ হাই অনিক<br>পিতা-শেখ আব্দুল হাই বাচ্চু<br>(খ) শেখ রাফা হাই<br>পিতা-শেখ আব্দুল হাই বাচ্চু<br>(ক) জনাব শেখ আব্দুল হাই বাচ্চু<br>পিতা- মৃত শেখ আব্দুল হামিদ | ০৬<br><br><br><br>০৬/এ | ক্যান্ট বাজার এলাকা | | ০২টি প্লটে যৌথভাবে সংশোধিত বেজমেন্ট ও একতলা ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | (খ) জনাব শেখ শাহরিয়ার পান্না<br>পিতা- মৃত শেখ আব্দুল হামিদ<br>(গ) মিসেস শিরিন আক্তার<br>স্বামী- শেখ আব্দুল হাই বাচ্চু | | | | |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৮টি প্লট, ক্রমিক নং-১০ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ০১টি প্লটসহ মোট ৯টি প্লটে ০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১১ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লট দু'টিতে যৌথভাবে বেজমেন্টসহ ০১(এক) তলা নতুন ভবনের সংশোধিত নকশা অনুমোদন করা হলো।

(গ) ক্রমিক নং-২ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ০১(এক)টি নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১৫ঃ বারিধারা ডিওএইচএস এর ৪৩৭ নং প্লটের ফ্ল্যাট হস্তান্তর সংক্রান্ত জটিলতা নিরসনের নিমিত্তে ডেভেলপার কর্তৃক স্বাক্ষরিত রিভাইজড্ প্ল্যান অনুমোদনের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ১৩ নভেম্বর ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.১২.১১.১৪. প্লট-৪৩৭ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ৪৩৭ নং প্লটের মালিক মেজর (অবঃ) ফখরউদ্দিন খান মৃত্যু বরণ করার পর ডেভলোপার প্রতিষ্ঠান মেসার্স সৈকত প্রপার্টিজ এর সাথে উক্ত প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট হস্তান্তর সংক্রান্ত বিষয়ে জটিলতার সৃষ্টি হয়। উক্ত জটিলতা নিরসন কল্পে ডেভলোপার কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট প্লটে নির্মিত বাড়ীর সংশোধিত নকশা স্বাক্ষরের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ১৩ নভেম্বর ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.১২.১১.১৪. প্লট-৪৩৭ নং পত্রের মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। বিস্তারিত আলোচনান্তে প্লট মালিক অথবা তার অবর্তমানে উত্তরাধিকারীগণের স্বাক্ষর ব্যতীত নকশা অনুমোদন বিধি সম্মত হবে না বিধায় ডেভলোপার কর্তৃক স্বাক্ষরিত নকশার উপর কোন কার্যক্রম গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট ডেভলোপার ও সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের আঙ্গিনায় ছাত্র-ছাত্রীদের বসার জন্য ছাতা স্থাপন কাজ। | ১,২৮,০০০/- | কলেজ তহবিল |
| ২। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের জন্য ক্যান্টিন নির্মাণ কাজ। | ৭,৭৫০০০/- | কলেজ তহবিল |
| ৩। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির পূর্ব ও পশ্চিম পার্শ্বে সৌন্দর্য বর্ধনের জন্য ভিটি মাটি ভরাট ও ঘাস লাগানো এবং আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ২২,১৭,০৫১/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | সশস্ত্র বাহিনী দিবস-২০১৪ উপলক্ষে আর্মি এমপি ইউনিট এবং ১৩ এমপি ইউনিটের রং সরবরাহ ও সেনাকুঞ্জের আউট গেইট সংলগ্ন স্লাব মেরামত কাজ। | ৬৭,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৫। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির মেস 'সি' এর অপর পার্শ্বে বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য কাচা ড্রেন নির্মাণ ও শহীদ সরণির আদমজী এবং বাসস্ট্যান্ড, হাজী মহসিন বাস্ট্যান্ড এবং ডিজিএফআই প্রবেশ গেইটের সামনে মেরামত ও সংস্কার কাজ। | ১,০৮,৩৮১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ড্রেন ও নর্দমা খাত) |
| ৬। | স্টাফ রোড টি ক্রসিং এলাকায় স্বয়ংক্রিয় (বৈদ্যুতিক) ট্রাফিক লাইট পোষ্টের সাথে অতিরিক্ত ভার্টিক্যাল লাইট সংযোজনকরণ কাজ। | ৮,৮১,০০০/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩ নং পানির পাম্প এবং ১ নং রোডের ৪ নং পানির পাম্প হাউজের জন্য গ্যাসের লাইন সংযোজন/স্থাপন কাজ। | ৮৫,৪৮৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি সরবরাহ) |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বিল্ডিং নং-৯৭ এর ০৪টি বাসার স্যুয়ারেজ লাইনের পুরাতন পাইপ ও ৩টি বাসার বাথরুমের পুরাতন প্যান পরিবর্তন কাজ। | ১,০০,৮৯০/- | পরিত্যক্ত সম্পত্তির খাত |

| | | | |
|---|---|---|---|
| ৯। | আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা, গ্যারিসন ফুটওভার ব্রীজ এবং স্বাধীনতা সরণির ফুটওভার ব্রীজের উপরে নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৩,১১,৫৭৯/- | নিরাপত্তা বাতির মেরামত খাত |
| ১০। | হাজী মহসিন মেস 'বি' সংলগ্ন রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার পর্যন্ত রাস্তার (পুরাতন এমপি চেকপোস্ট) পটহোল মেরামতকরণ। | ৯৫,২০০/- | রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ (২য় তলা) বৈদ্যুতিক ও স্যানিটারী ফিটিংস মালামাল সরবরাহ ও স্থাপন। | ১,৪৯,৯০০/- | মেরামত ও সংস্কার খাত (ঘরবাড়ী) |
| ১২। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের কঞ্জারভেন্সী অফিসার, ট্যাক্স এসেসর এর রুম, ডাটা এন্ট্রি রুম, ডাক গ্রহণ রুম সংস্কার ও মেরামত কাজ। | ৫,৫০,০০০/- | মেরামত ও সংস্কার খাত(ঘরবাড়ী) |
| ১৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ স্টাফ কোয়ার্টার সংস্কার ও মেরমাত কাজ। | ৩৮,৭৮২/- | মেরামত ও সংস্কার খাত (ঘরবাড়ী) |
| ১৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৬/ডি-৯ (৩য় তলা) এবং ৬৫/ডি-৯ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও সংস্কার। | ৪৫,০১৯/- | মেরামত ও সংস্কার খাত (ঘরবাড়ী) |
| ১৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের ড্রেন মেরামত ও সংস্কার কাজ। | ৩৬,৪২৬/- | মেরামত ও সংস্কার খাত (ড্রেন/নর্দমা) |
| ১৬। | সেনাপল্লী হাই স্কুলে জিই (নেভী) হতে নতুন পানির লাইন স্থাপন কাজ। | ৬৯,৪৮৫/- | বিদ্যালয় তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ৪, ৭, ১০, ১১, ১২, ১৩, ১৪ ও ১৫ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৮ এ উল্লেখিত প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | বারিধারা ডিওএইচএস এর ৮/এ নং রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ১০,৬৭,৭৮৯/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১০,৯৯,৮২২/৬৭ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ২। | বারিধারা ডিওএইচএস এর ৮/বি নং রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ৭,২৯,৪৭৫/- | সৌরভ এন্টারপ্রাইজ | ৭,৬৩,০৩০/৮৫ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | বারিধারা ডিওএইচএস এর ৮/সি নং রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ৯,২৭,৩৩৬/- | এম বি হোসেন এন্ড ব্রাদার্স | ৯,২৭,৩৩৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | বনানী ডিওএইচএস এর রোড নং-৪/বি প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ১৩,৫৪,৮৩৮/- | এন এল এন্টারপ্রাইজ | ১৪,০৮,৮৯৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অফিস ভবনের সিঁড়ি ঘর (২য় ও ৩য় তলা) মেরামত ও রংচুনকরণ কাজ। | ৩৮,০৬৪/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিঃ এন্ড কোং | ৩৯,৮৫৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৮/ডি-১ (৪র্থ তলা) উত্তর পার্শ্ব নং বাসার মেরামত ও সংস্কার কাজ। | ২৯,৪৮৮/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৩০,৯৩২/৪০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-০৭ এর ৫২/বি নং কোয়ার্টারের কলাপসিবল গেইট সরবরাহ ও স্থাপন কাজ। | ৪০,৭২২/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৪২,৬৪৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-০৭ এর ৬৪/ডি-১০ বাসা মেরামত ও সংস্কার কাজ। | ২৬,৬৩৭/- | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২৭,৯৪২/২১ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ নং বাংলোর ২য় তলা মেরামত ও সংস্কার কাজ। | ১,৮৮,৮২৪/- | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ১,৯৫,৯০৪/৯০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ, ভবন নং-০১ এর ০৫ নং ফ্ল্যাট মেরামত ও সংস্কার কাজ। | ৫১,৫৪২/- | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৫৩,৮৬১/৫৫ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার ০৭ নং রোডের ৪০ নং বাসার পূর্ব পার্শ্বে ড্রেন সংস্কার ও স্ল্যাব নির্মাণ কাজ। | ৪৯৯৯০/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৪৯,৯৯০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ১২। | রজনীগন্ধা সুপার মার্কেটের বিদ্যুৎ উপকেন্দ্র হতে জনতা ব্যাংক পর্যন্ত এ্যালুমিনিয়াম ইন্সুলেটেড তার দ্বারা ওভারহেড লাইন স্থাপন এবং পাকা মার্কেটের ক্যাটেনারী সার্ভিস পরিবর্তন। | ৩,৫৮,২৭২/- | এম আর ট্রেড লিংক | ৩,৭৫,৮২৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (বাজার) |
| ১৩। | বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড, ওয়েস্টার্ণ ও ওয়াকওয়ের নিচের ড্রেনের পরিস্কার ও আরসিসি স্লাব নির্মাণ কাজ। | ২,৬৫,৪৫০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ২,৭৩,৪১৩/৫০ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৪। | বনানী ডিওএইচএস এর খেলার মাঠের চতুর্দিকে ওয়াকওয়েতে পেভমেন্ট টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ১০,১৫,৭২৭/- | এম,বি, হোসেন এন্ড ব্রাদার্স | ১০,১৫,৭২০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৫। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩ নং রোডের আংশিক মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৭৫,৯৮২/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৭৯,৫৯১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৬। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের ও জানালার গ্লাস লাগানো, টয়লেট সংস্কার ও চুনকামকরণ কাজ। | ৩,০০,০০০/- | মেসার্স মিলেনিয়াম ট্রেডিং | ৩,০০,০০০/- | সংস্কার ও মেরামত (কলেজ) |
| ১৭। | সেনাপল্লী হাই স্কুলের খেলার মাঠে ভিটি মাটি ভরাটকরণ কাজ। | ৮,৮৮,১৪২/- | মেসার্স আল মাহবুব এন্টারপ্রাইজ | ৯,৩১,৬৬০/৯৬ | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল |
| ১৮। | বারিধারা ডিওএইচএস এর অনন্যা গেইট হতে ওয়াই জংশন এবং স্কুল গেইট হতে স্টাফ রোড পর্যন্ত রাস্তার গর্ত মেরামত, সংস্কার ও কার্পেটিং কাজ। | ১৯,৫২,১৮৯/- | মেসার্স আল মাহবুব এন্টারপ্রাইজ | ২০,৪০,০৩৭/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি (নিচতলা) মেরামত ও রং চুনার কাজ। | ৫৭,১৬৯/- | মেসার্স মেরী গোল্ড ইঞ্জিনিয়ার্স | ৫৭,১৬৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) |
| ২০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের সিএসডি ভবনের উত্তর পার্শ্বে কাঁচা অংশ পাকা পাকাকরণসহ সংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণ কাজ। | ৩,৬২,৫০৫/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩,৮০,২৬৭/৭৪ | বোর্ডের স্থানীয় আয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২১। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৪ উপলক্ষ্যে শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত বিভিন্ন স্থানের ভাঙ্গা রাস্তা মেরামত কাজ। | ১৮,২৪,৩১২/- | মেসার্স কাশেম ট্রেডার্স | ১৮,৬৯,৬১৯/৮০ | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত অবশিষ্ট কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৬ ও ১৯ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ মিরপুর ডিওএইচএস এ ২য় ধাপের তিতাস গ্যাস কর্তৃক খননকৃত পাকা রাস্তা মেরামত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে নির্বাহ করার অনুমোদন প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১২ নভেম্বর ২০১৪ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৩১-৯/শা-৮/১৯৪ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপে তিতাস গ্যাস টিএন্ডডি কর্তৃক গ্যাস সঞ্চালন লাইন স্থাপন করা হয়। কিন্তু উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে রোড কাটিং বাবদ তিতাস গ্যাস এর নিকট হতে কোন ফি আদায় করা হয়নি। অপরদিকে মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপে প্লট প্রতি গ্যাস কানেকশন বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে সেনাসদর, কিউএমজি শাখা কর্তৃক আদায় করা হয়েছে। আলোচনায় আরো জানা যায় যে, তিতাস গ্যাস কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামতের জন্য ৫৮,২৬,০০০/- টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে উক্ত কাজের যাবতীয় ব্যয় সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর হতে অনুদান চাওয়া হোক অথবা পূর্ণাঙ্গ কাজটি কিউএমজি মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার্স ব্যাটালিয়ন কর্তৃক সম্পন্ন করা যেতে পারে মর্মে সেনাসদর, কিউএমজি শাখা-কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন সনদপত্রের আবেদন অনলাইনে গ্রহণ ও প্রক্রিয়াকরণের সফটওয়্যার প্রস্তুতের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত বিভিন্ন সনদপত্রের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ সহজতর করার জন্য অন-লাইনে আবেদন গ্রহণ এবং প্রক্রিয়াকরণ করে বিতরণের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করা সম্ভবপর হলে নাগরিক সুবিধা প্রদান আরো সহজতর হবে। উল্লেখ্য যে, উক্ত কাজটি সম্পাদন করতে আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে। বিস্তারিত আলোচনান্তে বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী প্রকৌশলী সংযুক্ত সামরিক ভূমি ও সেনানিবাস অধিপ্তর (বর্তমানে ১ বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগপ্রাপ্ত) জনাব মোঃ জাহাংগীর হোসেনকে ২( দুই) বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগের বিষয়ে তার ২২ অক্টোবর ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলাচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী প্রকৌশলী (সামরিক ভূমি ও সেনানিবাস অধিপ্তরে সংযুক্ত) জনাব মোঃ জাহাংগীর হোসেন এর এলপিআর গমনের তারিখ ছিল ৩০-১২-২০১৩। তার আবেদনের প্রেক্ষিতে সাভূসে অধিদপ্তরের ৩০-১২-২০১৩ তারিখের ৩০/এমএলএন্ডসি/ পিএফ/৮৯২/শা-২/৪ নং পত্রের মাধ্যমে তাঁকে ৩০ ডিসেম্বর ২০১৩ হতে ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। উক্ত নিয়োগের মেয়াদ ২৯-১২-২০১৪ তারিখে শেষ হবে বিধায় তিনি পুনরায় ২ বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগের জন্য ২২ অক্টোবর ২০১৪ তারিখে আবেদন করেছেন। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত সহকারী প্রকৌশলীর চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা হলে তাঁর বেতন-ভাতা বাবদ ক্যান্টনমেন্ট বোর্ডের অতিরিক্ত ব্যয় হবে, যা বর্তমান বাজেটে অন্তর্ভুক্ত নেই। আলোচনায় আরো জানা যায় যে, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ ড. মোঃ হুমায়ুন কবির এর পিআরএল ০৯/১/২০১৫ তারিখ থেকে শুরু হবে। তিনি গত ০১/১২/২০১৪ তারিখে পিআরএল মঞ্জুরের জন্য আবেদন করেছেন এবং একই আবেদনে পিআরএল সময়কালে কলেজের অধ্যক্ষ পদে দায়িত্ব পালনের অনুমতি চেয়েছেন। পিআরএল ছুটিতে থাকা অবস্থায় দায়িত্ব পালন প্রচলিত বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক। এছাড়াও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ট্যাক্স এসেসর জনাব মোঃ আব্দুল করিম এর পিআরএল শুরু হবে ২৯/১২/২০১৪ তারিখ থেকে। তিনিও তার চাকরির মেয়াদ আরো ০২(দুই) বছর বৃদ্ধির জন্য আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে আবেদনসমূহ ০১(এক) বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ বৃদ্ধির লক্ষ্যে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্যাথলজি বিভাগে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এর সহকারী অধ্যাপক লেঃ কর্ণেল ডাঃ ইকবাল করিম, এমবিবিএস, এমসিপিএস (ক্লিনিক্যাল প্যাথলজি), এফসিপিএস (হিসটোপ্যাথলজি) কর্তৃক বিশেষজ্ঞ প্রতিবেদন প্রস্তুত করার বিষয়ে ভারপ্রাপ্ত চীফ মেডিকেল অফিসারের ২৪ নভেম্বর ২০১৪ তারিখের সিজিএইচ/বহি/১৯৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন প্যাথলজি টেষ্টের ফি নির্ধারণ এর বিষয়ে ভারপ্রাপ্ত চীফ মেডিকেল অফিসারের ২৪ নভেম্বর ২০১৪ তারিখের সিজিএইচ/বহি/১৯২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ হাসপাতাল পরিচালনা কমিটির সভায় উপস্থাপন করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ গত ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের ৩১৯/৭/এ নং পত্রের মাধ্যমে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, "সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে বিএ-৩২৬৬ লে.কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, পিএসসি, ই বেঙ্গলকে হাসপাতালের পরিচালক প্রশাসন হিসাবে বদলীর আদেশ প্রদান করা হয়েছে যা অদ্যাবধি প্রাধিকৃত হয়নি। হাসপাতালটি পরিচালনার সুবিধার্থে সেনাসদরের চাহিদার প্রেক্ষিতে বরাত ঘ মোতাবেক পরিচালক হিসাবে বদলীকৃত অফিসারকে ন্যূনতম প্রশাসনিক সুবিধা প্রদানপূর্বক নিয়োগের প্রাধিকার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো"। গত ২৫ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে সেনাসদর, কিউএমজি শাখার সম্মেলন কক্ষে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভায় সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা ও এর আয়-ব্যয় ব্যবস্থাপনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সেনাসদর, কিউএমজি শাখার সিদ্ধান্তের আলোকে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০২/১০/২০১৪ তারিখের ২/এমএলএন্ডসি/ জেনারেল/১৬২-৩/শা-৩/১৯৫ নং পত্রের মাধ্যমে বিষয়টি বোর্ডসভায় উপস্থাপন করে সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়। এছাড়াও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৭/১১/২০১৪ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৬৩-৩/শা-২/২০৫ নং পত্রের মাধ্যমে এ বিষয়ে নির্দেশনা চেয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, একনেক কর্তৃক ২০১২ সালে অনুমোদিত ডিপিপি অনুযায়ী হাসপাতাল পরিচালনার জন্য মাননীয় সেনাবাহিনী প্রধান-কে প্রধান পৃষ্ঠপোষক করে একটি পরিচালনা কমিটি অনুমোদন করা হয়েছে। অপরদিকে ৩০/১১/১৯৯৮ তারিখে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় হাসপাতাল পরিচালনার জন্য একটি পরিচালনা কমিটি গঠন করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলোঃ-

(১) বর্তমান অর্গানোগ্রামে পরিচালক (প্রশাসন) এর একটি পদ সৃষ্টি জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ;

(২) অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী শূন্য পদে দ্রুত লোকবল নিয়োগ;

(৩) যথাশীঘ্র সেনাসদর কর্তৃক গঠিত হাসপাতাল পরিচালনা কমিটির সভা আহ্বান।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে বিদ্যমান বাস স্ট্যান্ডসমূহ স্থানান্তর/জায়গা সম্প্রসারণের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৬ নভেম্বর, ২০১৪ তারিখের ৬০৪/১/এ নং পত্র ও তৎসংযোজিত আর্মি এমপি ইউনিটের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আর্মি এমপি ইউনিটের প্রস্তাব অনুযায়ী বাস স্ট্যান্ডসমূহ স্থানান্তর/জায়গা সম্প্রসারণের স্থানসমূহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করে আগামী বোর্ডসভায় একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব উপস্থাপন করবেন।

আলোচ্যসূচী-২৫ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন-২০১৫ উপলক্ষে ৭০,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন-২০১৫ উপলক্ষে ব্যালট পেপার ছাপানো ও নির্বাচনী কর্মকর্তাদের সম্মানী বাবদ ৭০,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস পরিষদ উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলান করা যেতে পারে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা সেনানিবাসস্থ সিগন্যাল গেইট হতে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু পর্যন্ত নব-নির্মিত রাস্তা ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর প্রসংগে সেনাসদর, ই-ইন-সি'র শাখা, ঢাকা সেনানিবাসের এর ১৩ নভেম্বর, ২০১৪ তারিখের ২৪৮১/৬/ইঞ্জিনিয়ার্স(প্রজেক্ট-মানিকদী) নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষযটির উপর আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সিগন্যাল গেইট হতে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু পর্যন্ত নব-নির্মিত রাস্তাটি ক্যান্টনমেন্ট বোর্ডের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ঃ বনানী সামরিক কবরস্থান রক্ষণাবেক্ষণের জন্য ওয়েলফেয়ার ট্রাষ্ট হতে অনুদান বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনা, নৌ ও বিমান বাহিনীর ওয়েলফেয়ার ফান্ড হতে অনুদান বরাদ্দের জন্য পুনরায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ গত ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৪২বিবিধ-৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মেজর মোঃ জসীম উদদীন (অবঃ)-কর্তৃক উত্থাপিত অভিযোগের সপক্ষে সাক্ষ্য প্রমাণ উপস্থাপন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৪২বিবিধ-৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মেজর মোঃ জসীম উদদীন (অবঃ)-কে বোর্ডসভায় স্বশরীরে উপস্থিত হতে তাঁর উত্থাপিত অভিযোগের সপক্ষে প্রমাণ দাখিল করার জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩০ নভেম্বর, ২০১৪ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৫০/ক্যাঃবাঃএঃ/১৪৩ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়। কিন্তু তিনি বোর্ডসভায় উপস্থিত না হয়ে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর এক আবেদনে জানান যে, তিনি এ বিষয়ে বোর্ড সভায় উপস্থিত হতে অপারগ এবং প্রয়োজনে অন্য কোন কমিটির নিকট তিনি তাঁর অভিযোগের ব্যাখ্যা দিতে অভিপ্রায় ব্যক্ত করেছেন। এ প্রসংগে আলোচনান্তে মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) এর বক্তব্য ও সাক্ষ্য প্রমাণ গ্রহণ করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক, স্টেশন হেলথ অফিসার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | এসএসও-৩, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

উক্ত কমিটি আগামী বোর্ডসভায় মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) বক্তব্য ও দাখিলকৃত সাক্ষ্য-প্রমাণ এবং ইতিপূর্বে এ ধরনের বাড়ী নির্মাণের ক্ষেত্রে কি হারে চার্জ আদায় করা হয়েছে সে সম্বলিত প্রতিবেদন দাখিল করবেন।

এছাড়াও আলোচনায় জানা যায় যে, ১৮/১০/২০১২ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫২তম সভার আলোচ্যসূচী-৪ এর সিদ্ধান্ত অনুযায়ী ডিওএইচএসসমূহে ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে খালি প্লটের জন্য প্রতি বর্গফুট ২০/- টাকা এবং পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণের ক্ষেত্রে প্রতি বর্গফুট ৪০/- টাকা হারে রাস্তার ক্ষতিপূরণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু ০৫/২/২০০৯ তারিখে অনুষ্ঠিত ৪৫তম সভার আলোচ্যসূচী-৫ এর সিদ্ধান্ত অনুযায়ী প্লট মালিক/ডেভেলোপার উভয়ের ক্ষেত্রেই রাস্তার ক্ষতিপূরণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন সকল এলাকার নকশা অনুমোদনের সময় রাস্তার ক্ষতিপূরণ আদায় করা হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটে রাস্তার ক্ষতিপূরণ প্রদানের জন্য পত্র প্রদান করা হয়। সভায় আরো জানানো হয় যে, ডিওএইচএস ব্যতীত ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন আবাসিক এলাকায় বাড়ী নির্মাণের ক্ষেত্রে খালি প্লটে এবং পুরাতন বাড়ী ভেঙ্গে বাড়ী নির্মাণের ক্ষেত্রে যথাক্রমে ২০/- টাকা ও ৪০/- টাকা হারে রাস্তার ক্ষতিপূরণ আদায় করা হচ্ছে। আলোচনায় উল্লেখ করা হয় যে, ডিওএইচএস এলাকা সামরিক অফিসারদের জন্য বিশেষায়িত আবাসিক এলাকা। উক্ত এলাকার সাথে অন্যান্য বেসামরিক এলাকার উদাহরণ প্রযোজ্য হবে না মর্মে সভায় মত প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনান্তে তদন্ত কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২৯ বিবিধ-১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ নং রোড এবং ৩২ ও ৩৪ এর সংযোগ সড়কের ওয়াসা কর্তৃক খননকৃত অংশ মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯১,৫০৭/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল/ ওয়াসা কর্তৃক রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ দ্বারা |
| ২। | বা বি বা ঘাঁটি বাশার তেজগাঁওস্থ অফিসার্স আবাসিক এলাকায় চিলড্রেন পার্কে আনুষাংগিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ১২,৩২,০০০/- | অনুদান/বোর্ড তহবিল |
| ৩। | সশস্ত্র বাহিনী দিবস-২০১৪ উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণির পেভমেন্ট টাইলস্ মেরামত ও সংস্কার। | ১,৯৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মূল্যানুমানসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৯ বিবিধ-২ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আউটডোর রোগীদের জন্য ৫৪ টি আইটেমের ঔষধ ক্রয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি উপর আলোচনান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ২৭/১১/২০১৪ তারিখের সিজিএইচ/বহি/১৯৭ নং পত্রের চাহিদার প্রেক্ষিতে আপাতত: ০১(এক) মাসের জন্য প্রয়োজনীয় ঔষধ ক্রয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯ বিবিধ-৩ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | লেঃ জেনাঃ আনোয়ার হোসেন | ৬২৯ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (As Built) |
| ২। | লেঃ কর্ণেল মোঃ খোরশেদ আলম (অবঃ) | ৭৭৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৩। | ব্রিগেঃ জেনাঃ আহসান কবির খান (অবঃ) | ৮৯৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | মেজবাহ-উজ-জামান<br>পিতা- মরহুম মেজর জেনাঃ শামসুজ্জামান | বি/১০১ (উত্তরাংশ) | মহাখালী ডিওএইচএস | | পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৫। | জনাব মোঃ গোলাম মোস্তফা<br>পিতা- মরহুম মোখলেছুর রহমান | ৪৯৩/৩ | বারিধারা ডিওএইচএস | | পুরাতন ০১ তলা ভবন ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২ ও ৩ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৩টি প্লট, ক্রমিক নং-৪ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ০১টি প্লট ও ক্রমিক নং-৫ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ০১টি প্লটসহ মোট ০৫টি প্লটে ০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২৯ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের (১) মেসার্স মাহিরা এন্টারপ্রাইজ ও (২) মেসার্স এ এন্ড ডি ব্রাদার্স -কে ১ম শ্রেণীর ঠিকাদার তালিকাভূক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে (১) মেসার্স মাহিরা এন্টারপ্রাইজ ও (২) মেসার্স এ এন্ড ডি ব্রাদার্স-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯ বিবিধ-৫ঃ ঢাকা সেনানিবাস এলাকায় লতিফ বাওয়ানী জুট মিলের ৭৮, ৮২ ও ৮৩ নং প্লটের ০.৪৬৯০ একর জমির ইজারা চুক্তি বাতিল করে এর মূল্য/ক্ষতিপূরণ বাবদ বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে ৬,০৫,৫৯৯/- টাকা ক্ষতিপূরণ পরিশোধ প্রসংগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে ২১/১০/২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাস এলাকায় লতিফ বাওয়ানী জুট মিলের ৭৮, ৮২ ও ৮৩ নং প্লটের ০.৪৬৯০ একর জমির ইজারা চুক্তি বাতিল করে এর মূল্য/ক্ষতিপূরণ বাবদ বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে ৬,০৫,৫৯৯/- টাকা ক্ষতিপূরণ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। সরকার কর্তৃক ইজারা বাতিলের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৯ বিবিধ-৬ঃ ধামালকোট প্রজেক্টে নিয়োজিত ১৫ জন শ্রমিকের ০২(দুই) মাসের (অক্টোবর ও নভেম্বর, ২০১৪) বেতন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ধামালকোট প্রজেক্টে নিয়োজিত ১৫ জন শ্রমিকের ০২(দুই) মাসের (অক্টোবর ও নভেম্বর, ২০১৪) বেতন বোর্ড ফান্ড হতে ধার নিয়ে আর্মি কঞ্জারভেন্সী খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো এবং পরবর্তীতে উক্ত প্রকল্পে গার্ডেন সেন্টার কর্তৃক শ্রমিক নিয়োজিত হলে যার ব্যয়ভার নিয়োজিত প্রতিষ্ঠান বহন করবে।

২৯ বিবিধ-৭ঃ তালিকাভুক্ত ডেভলোপারদের নিরাপত্তা জামানত এর হার পুনঃনির্ধারণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৮/১০/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে প্লট প্রতি ১০ লক্ষ টাকা নিরাপত্তা জামানত জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু একই ডেভলোপার একাধিক প্লটে নির্মাণ কাজ করলে পরবর্তী প্লট প্রতি ১০ লক্ষ টাকা হিসেবে জমা রাখতে হয় বিধায় অনেকেই ২য় হতে পরবর্তী প্লটের ক্ষেত্রে নিরাপত্তা জামানতের হার কমানোর জন্য অনুরোধ জানিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে প্রথম প্লটের জন্য নিরাপত্তা জামানত ১০ লক্ষ টাকা এবং পরবর্তী প্রতি প্লটের জন্য ২ লক্ষ টাকা হারে নিরাপত্তা জামানত জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। সন্তোষজনক ভাবে বাড়ী হস্তান্তরের পর উভয় পক্ষের আবেদনের প্রেক্ষিতে উক্ত নিরাপত্তা জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে। এছাড়াও যে সকল প্লট মালিক তাঁদের ঘোষণাপত্রে ডেভলোপারের কথা উল্লেখ করেননি কিন্তু বাস্তবে ডেভলোপার দ্বারা বাড়ী নির্মাণ করা হচ্ছে তাদের পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করে প্লট মালিকদের পত্র দেয়া হোক যেন প্রকৃত অবস্থার আলোকে ব্যবস্থা গ্রহণ করেন। অন্যথায় বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে এনে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১.১২.২০১৪

*( মোঃ রেজাউল ইসলাম )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

১৪/১২/২০১৪

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন — অনুপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি — উপস্থিত
অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোস্তাফিজুর রহমান — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) জনাব মোঃ মাহবুব জামিল — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।